

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
চট্টগ্রাম  
(তথ্য ও অভিযোগ শাখা)  
www.chittagong.gov.bd

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য অধিকার আইন বাস্তবায়নে  
জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ ইলিয়াস হোসেন, জেলা প্রশাসক, চট্টগ্রাম  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চট্টগ্রাম  
তারিখ : ২১ জুলাই, ২০১৯ খ্রি.  
সময় : বেলা ৩.০০ টা  
(উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক)

সভাপতি সভায় উপস্থিত জেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ এবং জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির প্রতিনিধিগণকে শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় হাল নাগাদ তথ্য প্রেরণের জন্য অনুরোধ করেন।

জেলা প্রশাসক মহোদয় এর অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম সভায় তথ্য কমিশন এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীলকারী কর্তৃপক্ষের তালিকা কমিশন হতে প্রেরিত নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে নিয়মিত ত্রৈমাসিক কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন এবং তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকলকে আহ্বান জানান।


আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	মোহাম্মদ ইলিয়াস হোসেন, জেলা প্রশাসক, চট্টগ্রাম সভায় জানান যে, জেলা পর্যায়ের প্রায় সকল অফিসে তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষ নিয়োগ দেয়া হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য অধিকার আইন বাস্তবায়নে জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির প্রতিনিধিবৃন্দ, জেলার বিভিন্ন বিভাগীয় প্রধান ও এনজিও সংস্থা সমূহের প্রতিনিধিবৃন্দকে তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক আরো বেশী দায়িত্বশীল ভূমিকা পালন করার জন্য এবং নিয়মিত হালনাগাদ তথ্য প্রেরণের জন্য সভাপতি সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন।	১. তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটি কর্তৃক সরকারি নির্দেশনা মোতাবেক জনসচেতনতা বৃদ্ধি পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম

<p>২.</p>	<p><b>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ নির্ধারন :</b></p> <p>দপ্তর বা প্রতিষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বদলী হলে তথ্য কমিশন এর নির্দেশনা মোতাবেক জেলা এবং উপজেলা পর্যায়ে সকল দপ্তর থেকে বদলীকৃত কর্মকর্তার নাম ওয়েব সাইটে হাল নাগাদ করার বিষয়ে গুরত্বারোপ করা হয়।</p> <p>তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক জনসাধারণকে সঠিক তথ্য প্রদানে মনিটরিং করার জন্য সভাপতি কমিটির সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ভুল তথ্য যেন সরবরাহ করা না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য সভায় মত প্রকাশ করা হয়।</p> <p>যে সকল প্রতিষ্ঠান / এনজিও সংস্থা হাল নাগাদ তথ্য প্রেরণ করেন নাই তাদেরকে নিয়মিত তথ্য প্রেরণ করার জন্য সভায় আহ্বান জানানো হয়।</p> <p>তথ্য কমিশন এর নির্দেশনা মোতাবেক জেলা পর্যায়ের যে সমস্ত কর্মকর্তাগণ অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদেরকে প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করার জন্য সভায় পুনরায় তাগিদ দেয়া হয়।</p>	<p>২. সংশ্লিষ্ট অফিস সমূহে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সভার নির্দেশনা মোতাবেক কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১. জেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম</p> <p>২. সহকারী কমিশনার তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম</p>
<p>৩.</p>	<p><b>ওয়েব সাইট সংক্রান্ত :</b></p> <p>ক. সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করণের নিমিত্তে প্রত্যেক সংস্থা ও প্রতিষ্ঠানে ওয়েব সাইট খোলার জন্য পুনরায় পরামর্শ দেন। বিশেষ করে কোন তথ্য প্রকাশের ফলে যদি প্রচলিত আইনের প্রয়োগে বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরূপ তথ্য প্রকাশ না করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা স্বিচারার্থী মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এমন সম্ভাবনার সৃষ্টি হলে উক্ত তথ্য প্রদান না করার এবং যে তথ্য প্রকাশের ফলে দেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি সৃষ্টি হতে পারে এরূপ তথ্য না প্রকাশ করার প্রতি সতর্ক দৃষ্টি রাখার জন্য সভায় সকলকে পুনরায় অনুরোধ জানানো হয় এবং জনগণের চাহিত তথ্য যথাসময়ে প্রদানের জন্য অনুরোধ করা হয়।</p>	<p>৩. সভায় তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক প্রত্যেক সংস্থা ও বিভাগীয় অফিস প্রধানদেরকে এ বিষয়ে সতর্কতা অবলম্বন পূর্বক বিশেষভাবে ভূমিকা রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়</p>	<p>১. জেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম</p> <p>২. সহকারী কমিশনার তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম</p>

<p>খ. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভায় জানান যে, জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক ও জনগণের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাাবশ্যিক। জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা হলে সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে বলে সভায় জানান।</p>		
---	--	--

আলোচ্য সূচীতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোহাম্মদ ইলিয়াস হোসেন

জেলা প্রশাসক

চট্টগ্রাম

ফোন-০৩১-৬১৯৯৯৬, ০৩১-৬২১০০২

ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২, ০৩১৬২০৫৭০


ই-মেইল: [dcchittagong@mopa.gov.bd](mailto:dcchittagong@mopa.gov.bd)

স্মারক নং : ০৫.৪২.১৫০০.২০৭.০৪.০০২.১৯- ২৭০

তারিখ : ২৭ আগস্ট, ২০১৯ খ্রি.

বিতরণ (কার্যার্থে) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, শেরে-ই বাংলা নগর, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. পুলিশ সুপার, চট্টগ্রাম
৫. সিভিল সার্জন, চট্টগ্রাম
৬. জনাব এ কে এম এহেছানুল হায়দর চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম
৭. অধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
৮. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম
৯. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম
১০. উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম
১১. উপ পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, চট্টগ্রাম
১২. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, চট্টগ্রাম
১৩. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
১৪. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম
১৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), চট্টগ্রাম
১৬. জেলা তথ্য কর্মকর্তা, চট্টগ্রাম
১৭. সভাপতি, প্রেস ক্লাব, চট্টগ্রাম
১৮. সভাপতি, জেলা বার এসোসিয়েশন, চট্টগ্রাম
১৯. সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চট্টগ্রাম
২০. জনাব জেসমিন সুলতানা পারু, প্রধান নির্বাহী, এনজিও, ইলমা, চট্টগ্রাম
২১. জনাব আরেফাতুল জান্নাত, এ্যাডভোকেসি কর্মকর্তা, এনজিও, দুঃস্থ্য স্বাস্থ্য কেন্দ্র, চট্টগ্রাম
২২. জনাব সুদর্শন বড়ুয়া, ডেপুটি কো- অর্ডিনেটর, এনজিও, আইডিএফ, চট্টগ্রাম
২৩. জনাব মো: নজরুল ইসলাম মজুমদার, ব্র্যাক প্রতিনিধি, চট্টগ্রাম
২৪. জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, এরিয়া ম্যানেজার, টিআইবি, চট্টগ্রাম

 ২৭.৮.১৯

সহকারী কমিশনার

ও

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট  
তথ্য ও অভিযোগ শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়  
চট্টগ্রাম